

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



নং-৪৫.১১০.০২.০০.০০.২০২০- ২৫৬

তারিখঃ ০৩.০৩.২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা/উপজেলা কমিটির জন্য কতিপয় নির্দেশনা।

সূত্রঃ (ক) ৪৫.১১০.০২.০০.০১.২০২০-২১৩ তারিখঃ ০২.০৩.২০২০ খ্রিঃ

(খ) ৪৫.১১০.০২.০০.০১.২০২০-২১৩ তারিখঃ ০২.০৩.২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা/উপজেলা পর্যায়ে দু'টি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির জন্য কিছু নির্দেশনা নিম্নে প্রদত্ত হলোঃ

১। প্রতিটি জেলা সদর/উপজেলা পর্যায়ে এক বা একাধিক সুবিধাজনক স্থান যেমনঃ স্কুল, কলেজ, অন্যান্য প্রতিষ্ঠানে কোয়ারেন্টাইন ব্যবস্থার জন্য নির্ধারণ করে রাখতে হবে;

২। কোন গ্রাম/পাড়া/মহল্লায় আক্রান্তের সংখ্যা বেশী হলে উক্ত গ্রাম/পাড়া/মহল্লাকে বর্ডন করে রাখতে হবে, যাতে করে উক্ত স্থানসমূহ হতে কোন ব্যক্তি বের হতে বা উক্ত স্থানসমূহে কেউ প্রবেশ করতে না পারে;

৩। বিদেশ থেকে আগত সকলকে আবশ্যিকভাবে নিকটস্থ সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কাছে রিপোর্ট করতে হবে। রিপোর্টকালীন সময়ে নিম্নবর্ণিত বিষয়সমূহ রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবেঃ

- বাংলাদেশে প্রত্যাবর্তনের তারিখ;
- সর্বশেষ ভ্রমণকৃত দেশ;
- দেশের সংখ্যা একাধিক হলে বিগত ১৪ দিনে যে সকল দেশ ভ্রমণ করেছে সে সকল দেশের নাম;
- ভ্রমণের সময়কাল;
- দেশে অবস্থাকালীন ঠিকানা, ফোন নম্বর, মোবাইল ফোন নম্বর;
- দেশে প্রত্যাবর্তনের পরে দেশে অন্য কোন স্থানে/জেলায় ভ্রমণ করে থাকলে সে স্থানের নাম/ঠিকানা।

৪। কোথাও সন্দেহভাজন রোগী পাওয়া গেলে পরিচালক/সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাৎক্ষণিকভাবে ইস্টিটিউট অফ ইপিডিমিওলজি ডিজিজ কন্ট্রোল এন্ড রিসার্চ (আইইডিসিআর) কে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করার জন্য অনুরোধ করবেন;

৫। স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রেরিত করোনা ভাইরাস সম্পর্কিত সচেতনতামূলক বাতী জেলা/উপজেলা প্রশাসন স্থানীয় কেবল টিভি অপারেটরদের মাধ্যমে কেবল টিভিতে প্রচার ও স্থানীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

এ নির্দেশনায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-

(শামীমা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৪


নং-৪৫.১১০.০২.০০.০০.২০২০- ২৫৬

তারিখঃ ০৩.০৩.২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ (কার্যার্থে ও জ্ঞাতার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

১। জেলা প্রশাসক (সকল).....

- ২। পুলিশ সুপার (সকল).....
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/সদার হাসপাতাল (সকল).....
- ৪। চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ (সকল).....
- ৫। মেয়র, সদর পৌরসভা (সকল).....
- ৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল).....
- ৭। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল).....
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল).....
- ৯। জেলা তথ্য কর্মকর্তা (সকল).....
- ১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল).....
- ১১। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর (সকল).....
- ১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল).....
- ১৩। সিভিল সার্জন (সকল).....
- ১৪। থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....
- ১৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....
- ১৬। সংশ্লিষ্ট পৌর মেয়র (সকল).....
- ১৭। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল).....
- ১৮। উপজেলা শিক্ষা অফিসার (সকল).....
- ১৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল).....
- ২০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল).....
- ২১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল).....
- ২২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২৩। অফিস (কপি)

  
 (শামিমা নাসরিন)  
 উপসচিব